## উপজেলা অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Upazilla Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

গত ৩ বছরে মুন্সীগঞ্জ জেলার লৌহজং উপজেলায় ভিডাব্লিউবি কার্যক্রমের মাধ্যমে ৪১১৯ জন দরিদ্র মহিলাকে ১২৩.৫৭০ মে:টন খাদ্য সহায়তা দেয়া হয়েছে। মাতৃত্বকাল ভাতা কর্মসুচির আওতায় ২০৭৮ জন নারীকে মাসিক ৮০০ টাকা হারে ভাতা প্রদান করা হয়েছে। ৮৫ জন নারীকে ১৭,৫৫,০০০/- ( সতের লক্ষ পঞ্চান্ন হাজার) টাকা ক্ষুদ্রঋণ প্রদান করা হয়েছে। ১৯২০ জন নারীকে আত্ম-কর্মসংস্থানের লক্ষ্যে বিভিন্ন প্রশিক্ষণ দেয়া হয়েছে। দু:স্থ মহিলা ও শিশু সাহায্য তহবিল হতে ১০ জন নারীকে আর্থিক সাহায্য প্রদান করা হয়েছে। ৪০ জন সাহায্য প্রার্থী মহিলাদের আইনি সহায়তা দেয়া হয়েছে। "জয়িতা অন্বেষণে বাংলাদেশ" কার্যক্রমে এ উপজেলায় ৫টি ক্যাটাগরীতে ৫ জন করে মোট ১১ জন নারীকে "জয়িতা" নির্বাচন ও পুরস্কৃত করা হয়েছে। দরিদ্র মহিলাদেরকে ২২ টি সেলাই মেশিন বিতরণ করা হয়েছে। উপজেলা হতে বাল্যবিবাহ নিরোধে বিভিন্ন শ্রেণী পেশার জনগণকে নিয়ে ৭২টি সচেতনতা মূলক সভা সমাবেশ, ও সেমিনারের আয়োজন করা হয়েছে। ৫২ জন মেয়ের বাল্যবিবাহ রোধ করা হয়েছে। ২টি সমিতি নিবন্ধন , ৪টি সমিতি নবায়ন ও ৩টি সমিতিতে ২,৯৫,০০০/ অনুদান প্রদান করা হয়েছে । জাতীয় নারী উন্নয়ন নীতি-২০১১ বাস্তবায়ন কল্পে জাতীয় কর্মপরিকল্পনা-২০১৩ অনুযায়ী বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

লৌহজং উপজেলায় ছেলেদের মধ্যে প্রবাসে যাওয়ার প্রবনতা বেশি থাকায় বাল্যবিবাহ দেওয়ার প্রবনতা বেশি, লক্ষ্যভূক্ত সকল দুঃস্থ নারীকে প্রোগ্রামের অন্তর্ভূক্ত করতে না পারা, নারীর প্রতি সহিংসতা, কর্মকর্তা/কর্মচারীদের যুগোপযোগী প্রশিক্ষণের অভাব এবং মাঠ পর্যায়ে দক্ষ জনবলের অপ্রতুলতা, দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য কোন সরকারী যানবাহন না থাকা অন্যতম প্রধান সমস্যা। প্রকৃত উপকারভোগী বাছাই এবং নারী উন্নয়নে বিভিন্ন দপ্তরের কার্যক্রম সমন্বয় সাধন ও সহায়তা প্রদান উপজেলা পর্যায়ে অন্যতম চ্যালেঞ্জ। কোভিড-১৯ মহামারির কারণে কিছু কিছু সূচকের লক্ষমাত্রা অর্জন করা বাধাগ্রস্ত হলেও তা কাটিয়ে উঠার চেষ্টা করা হচ্ছে। দক্ষ জনবল, মাঠ পর্যায়ে কর্মচারী না থাকা ও কোন যানবাহন না থাকার কারণে কর্মসুচি বাস্তবায়নে বিভিন্ন প্রকার বাধার সম্মুখীন হতে হয়।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

বর্তমান কোভিড-১৯ পরিস্থিতি এবং নির্বাচনী ইশতেহার সর্বোপরি স্মার্ট বাংলাদেশ বিনির্মানে মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন মুন্সীগঞ্জ জেলার লৌহজং উপজেলার ভবিষ্যত পরিকল্পনার মধ্যে রয়েছে:-

(১) বাল্যবিবাহ প্রতিরোধে কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন।
(২) নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে কার্যকর পদক্ষেপ গ্রহণ।
(৩) বৃত্তিমূলক ও কারিগরি প্রশিক্ষণের মাধ্যমে নারীদের স্বনির্ভর করা।
(৪) মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন বাস্তবায়িত সকল সেবার ডাটাবেইজ তৈরি।
(৫) অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী কর্মচারীদের প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনসম্পদে রূপান্তরিত করতে সহায়তা প্রদান।
(৬) কিশোর-কিশোরীদের সঠিক প্রশিক্ষণ ও পরিচর্যার মাধ্যমে দক্ষ মানব সম্পদে পরিণত করা ।
(৭) স্মার্ট বাংলাদেশ বিনির্মানে বিভিন্ন কর্মসুচি গ্রহন করা।

**২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ১৩৭৩ জন নারীকে ভিডাব্লিউবি সহায়তা প্রদান ও কর্মসূচি মনিটরিং।
- ২০২৮ জন দরিদ্র ও গর্ভবতী মায়েদের মাতৃত্বকালীন ভাতা প্রদান ও মনিটরিং
- ১০ জন নারীকে ক্ষুদ্রঋণ প্রদান।
- নারীর ক্ষমতায়নে ১১০ জন নারীকে প্রশিক্ষণ প্রদান ও কর্মসূচি মনিটরিং।
- শত ভাগ সাহায্য প্রার্থী মহিলাদের আইনি সহায়তা প্রদান ও ১৮ জন আগ্রহী নারীদেরকে নারী উদ্যোক্তা হিসেবে সৃষ্টি করা।
- বাল্যবিবাহের হার কমিয়ে আনার জন্য বিভিন্ন কর্মসূচি গ্রহণ ও মনিটরিং